# দশমিনায় ১৮ মাস পর খুলল উপজেলা আওয়ামী লীগের কার্যালয়




সংগৃহীত ছবি

পটুয়াখালীর দশমিনা উপজেলায় দীর্ঘ ১৮ মাস বন্ধ থাকার পর আবার চালু হয়েছে উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়।

সোমবার (১৬ ফেব্রুয়ারি) সকাল ৭টার দিকে সদর ইউনিয়নের নলখোলা বন্দরে অবস্থিত তালাবদ্ধ কার্যালয়ের তালা খোলেন উপজেলা যুবলীগ ও নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতারা। কার্যালয়ের সামনে উপস্থিত নেতারা উল্লাসের সঙ্গে স্লোগান দেন, “শেখ হাসিনা ফিরে আসবেন” বলে দাবি করেন। তালা খোলার সঙ্গে সঙ্গে কার্যালয়ের সামনে শুভ উদ্বোধন সম্বলিত ব্যানার সাঁটানো হয়।

দলীয় কার্যালয় খোলার নেতৃত্ব দেন দশমিনা উপজেলা যুবলীগের সাংগঠনিক সম্পাদক আরিফ হাওলাদার এবং নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতা সোহাগ প্যাদা।

আরিফ হাওলাদার জানান, কার্যালয় খোলার পর মিলাদ অনুষ্ঠানও আয়োজন করা হয়।

উল্লেখ্য, ২০২৪ সালের ৫ আগস্ট বিক্ষুব্ধ ছাত্র-জনতা কার্যালয়টি ভাঙচুর করে তালাবদ্ধ করে দিয়েছিলেন।

LENS ASIA